দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 APR 2007 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

# জাবিতে র‍্যাগিং-এর নামে শিক্ষার্থীদের হয়রানির অভিযোগ

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং-এর নামে হয়রানির শিকার হচ্ছে ১ম বর্ষের শিক্ষার্থীরা। র‍্যাগিং বন্ধে প্রশাসন কোন ব্যবস্থা গ্রহণ করছে না। ফলে আতংকে রয়েছে শিক্ষার্থীরা। ক্ষতিগ্রস্ত হচ্ছে শিক্ষার সুষ্ঠু পরিবেশ।

প্রতিদিন গভীর রাত পর্যন্ত বিভিন্ন আবাসিক হলগুলোতে চলে র‍্যাগিং মহড়া। বঙ্গবন্ধু হল, ভাসানী হল, সালাম বরকত হল। কামাল উদ্দিন হলে র‍্যাগিং মাত্রাটা তুলনামূলক বেশী হয়ে থাকে। এবছর ভাসানী হলে ১ম বর্ষের এক শিক্ষার্থীকে র‍্যাগ দেওয়ার সময় মানসিক ভারসাম্য হারিয়ে ফেলে সে, পরে তাকে মেডিক্যালে ভর্তি করা হয়। প্রতিবছর এরকম র‍্যাগিং আতংকে অনেক শিক্ষার্থী ক্যাম্পাস ছেড়ে চলে যায়। ১ম বর্ষের ছাত্ররা র‍্যাগের ভয়ে হলে প্রবেশ করে গভীর রাতে।

হলের আবাসিক শিক্ষকদের নিয়মিত হলে দায়িত্ব পালন করার কথা থাকলেও তারা শিক্ষার্থীদের কোন খোঁজখবর নেয় না। র‍্যাগিং বন্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসনের এ ভূমিকা প্রশ্নবিদ্ধ। বিগত বছরগুলোতে প্রশাসন র‍্যাগ প্রতিরোধে ব্যবস্থা নিলেও এবছর কোন ব্যবস্থা নেয়নি তারা।